ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৮০

উদয়পুর, ১৯ ফেব্রুয়ারি,২০২৫

**ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শনে মহারাষ্ট্রের পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী**

মহারাষ্ট্রের পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী পঙ্কজা গোপীনাথ মুন্ডে আজ সকালে উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শন করেন। মন্দির পরিদর্শনের সময় শ্রীমতি মুন্ডের সাথে মহারাষ্ট্র সরকারের প্রধান সচিব ভিনিতা সিংহল ও ত্রিপুরা ব্যাম্বো মিশনের অধিকর্তা মহম্মদ সাজ্জাদ পি উপস্থিত ছিলেন। মাতাবাড়িতে মহারাষ্ট্রের পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী পঙ্কজা গোপীনাথ মুন্ডেকে স্বাগত জানান গোমতী জেলার অতিরিক্ত জেলাশাসক বিনয়ভূষণ দাস। মন্দির পরিদর্শনের সময় শ্রীমতি মুন্ডে মন্দিরে পুজো দেন।

*****